



কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর ঢাকা-১২০৭।

www.birtan.gov.bd

স্মারক নং- ১২.০৯.০০০০.০০১.০৪.০২৯.২৪-৩৪১

তারিখঃ

০৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ

১৭ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। বারটান দেশে খাদ্য ও পুষ্টি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন তথা প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে কৃষি সেক্টরে খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও মাঠ গবেষণা লক্ষ্যজনক কাজে লাগিয়ে স্বল্প মূল্যে পুষ্টিমান সমৃদ্ধ খাবার গ্রহণ, সুস্বাদু খাবার নির্বাচন, বয়স ও রোগভিত্তিক খাদ্য নির্বাচন, বিভিন্ন খাদ্যের পুষ্টিমান বিষয়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমস্যা নিরসনে ভূমিকা রেখে জাতীয় উন্নয়নে বারটান অবদান রাখছে। এরই অংশ হিসেবে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ (বারটান-অংগ) শীর্ষক প্রকল্পের ব্যবস্থাপনায় আগামী ২২-২৪ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী ২ (দুই) ব্যাচ এবং আগামী ২৫ এপ্রিল ২০২৪ তারিখ দিনব্যাপী ০২ ব্যাচ প্রশিক্ষণ কার্যক্রম গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর ধরন, সংখ্যা নিয়ে উল্লেখ করা হলোঃ

ব্যাচ	প্রশিক্ষণার্থীর ধরন	সংখ্যা	সর্বমোট প্রশিক্ষণার্থী	মন্তব্য
০১.	উপসহকারী কৃষি কর্মকর্তা	০৫ জন	৩০ জন	* ০৩ দিনব্যাপী ২ ব্যাচ এবং ০১ দিনব্যাপী ০২ ব্যাচ প্রশিক্ষণ আলাদা ভেন্যুতে আয়োজন করার জন্য অনুরোধ করা হলো।
	মাধ্যমিক পর্যায়ের শিক্ষক-শিক্ষিকা (বিজ্ঞান/কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান/শারীরিক শিক্ষা)	১৫ জন		
	মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা	০১ জন		
	সমাজ সেবা অধিদপ্তরের কর্মকর্তা	০১ জন		
	যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা	০১ জন		
	তথ্য আপা	০২ জন		
	সাংবাদিক	০১ জন		
	ইমাম/পুরোহিত	০২ জন		
	এনজিও কর্মী (পুষ্টি বিষয়ক কাজের সাথে জড়িত)	০২ জন		
০২.	কৃষাণ-কৃষাণী এবং [আশ্রয়ন/আদর্শ গ্রাম বা এধরনের প্রান্তিক জনগোষ্ঠীর মধ্য থেকে প্রশিক্ষণার্থী বাছাই করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও প্রশিক্ষণার্থী শারীরিক এবং মানসিক ভাবে প্রশিক্ষণ গ্রহণের উপযুক্ত হয় সেদিকে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো)	পুরুষ-১৫ জন, মহিলা-১৫ জন	৩০ জন	
০৩.	দিনব্যাপী প্রশিক্ষণ (গৃহবধু/সমাজকর্মী/রন্ধন শিল্পী ও অন্যান্য)	৩০ জন	৩০ জন	
০৪.	দিনব্যাপী প্রশিক্ষণ (নির্বাচিত পুষ্টি গ্রামের জনসাধারণ)	৩০ জন	৩০ জন	

উল্লেখ্য, প্রকল্পের অনুমোদিত বাজেট অনুযায়ী ব্যাচ-০১ এর প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশিক্ষণ ভাতা হিসাবে মাথাপিছু দৈনিক শুধুমাত্র ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মাত্র, ব্যাচ-০২ এর প্রশিক্ষণার্থীবৃন্দ [কৃষাণ-কৃষাণী] প্রশিক্ষণ ভাতা হিসাবে মাথাপিছু দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা ও যাতায়াত ভাতা হিসাবে ১০০/- (একশত) টাকা মাত্র এবং ব্যাচ-০৩ ও ০৪ এর প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশিক্ষণ ভাতা হিসেবে শুধুমাত্র ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, প্রশিক্ষণার্থী নির্বাচন এবং অন্যান্য রিসোর্স পার্সন (বারটান-এর কর্মকর্তা ব্যতীত) মনোনয়নের ব্যবস্থা গ্রহণ এবং মনোনীত প্রশিক্ষণার্থীদের (পূর্বে যারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের মনোনয়ন দেওয়া যাবে না) তালিকা আগামী ২১ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে ই-মেইলের মাধ্যমে (projectn.birtan@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও বারটান হতে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের আগামী ২১-২৪ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত কোটালীপাড়া উপজেলায় সরকারি ব্যবস্থাপনাধীন আবাসনের ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

Jasmina
29/08/2023

তাসনীমা মাহজাবীন
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প

উপজেলা কৃষি কর্মকর্তা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ব্যবস্থাপক

অনুলিপি বিতরণঃ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। প্রকল্প পরিচালক, কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ী, ঢাকা।
- ০২। সহকারী প্রকল্প ব্যবস্থাপক, কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)।
- ০৩। মনিটরিং অফিসার, কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)।
- ০৪। হিসাব শাখা [কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)], সেচ ভবন, ৪র্থ তলা, ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর ঢাকা-১২০৭।
- ০৫। আইসিটি শাখা, বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
- ০৬। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী [নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ০৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।